যায়যায়দিন

তারিখ ...19 JAN 2009...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৭

# বেসরকারি বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ কেন অবৈধ নয় মর্মে রুল জারি

যাযাদি রিপোর্ট

সদ্য জারি করা বেসরকারি বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ ২০০৮ কেন অবৈধ ও বাতিল ঘোষণা করা হবে না তা জানতে চেয়ে সরকারের প্রতি দুই সপ্তাহের রুল জারি করেছেন হাইকোর্ট বিভাগ। গতকাল দায়ের করা এক রিট মামলার শুনানি শেষে বিচারপতি এ বি এম খায়রুল হক ও বিচারপতি আবদুল হাইয়ের সমন্বয়ে গঠিত বেঞ্চ এ আদেশ দেন।

বেসরকারি বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ ২০০৮-এর বৈধতা চ্যালেঞ্জ করে করা রিট আবেদনে বলা হয়, আগের অধ্যাদেশ অনুযায়ী এক কোটি টাকা জামানত রেখেই বেসরকারি বিশ্ববিদ্যালয় চালু করা যেতো। কিন্তু বেসরকারি বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ ২০০৮ অনুযায়ী বর্তমানে একটি বেসরকারি বিশ্ববিদ্যালয় স্থাপন করতে হলে কমপক্ষে ৫ কোটি টাকা জামানত রাখতে হবে। আমাদের মতো দরিদ্র একটি দেশে এতো বেশি টাকা জমা রেখে উচ্চশিক্ষা প্রতিষ্ঠান চালু করা কঠিন কাজ। সরকারের এ ধরনের সিদ্ধান্ত উচ্চশিক্ষা প্রসারে প্রতিবন্ধকতা সৃষ্টি করবে। রিটে আরো উল্লেখ করা হয়, নীতিনির্ধারণী সিদ্ধান্ত অনির্বাচিত সরকার নিতে পারে না। এ ধরনের সিদ্ধান্ত শুধু সংসদে নেয়া যায়।

শুনানি শেষে আদালত দুই সপ্তাহের মধ্যে আইন সচিব, শিক্ষা সচিব এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যানকে সদ্য প্রণীত এ অধ্যাদেশ কেন অবৈধ ও বাতিল ঘোষণা করা হবে না তার জবাব দিতে নির্দেশ দেন।

রিট পিটিশনটি করেন নর্থ সাউথ ইউনিভার্সিটি বাংলাদেশ ও গোলাম জালিল নামে এক নাগরিক। আদালতে তাদের পক্ষে মামলা পরিচালনা করেন অ্যাডভোকেট শাখাওয়াত হোসেন। সরকারের পক্ষে মামলার শুনানিতে অংশ নেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল মো. ইদ্রিস খান।